GSWA AGM-26 ( ১৯ সেপ্টেম্বর, শনিবার)

৮ আগষ্ট শনিবার বিকেল সময়: বিকেল ৫ টা - সন্ধ্যা ৭ টা

স্হান: সংগঠনের কার্য্যালয়( উদয়ন রোড, গোপালগন্জ)

*প্রস্তুতির কমিটির ১ম  সভা অনুষ্ঠিত*

আহ্বায়ক সংগঠনের সভাপতি মন্ডলীর সদস্য  অধ্যক্ষ পলাশ কুমার বিশ্বাসের সভাপতিত্বে এ গুরুত্বপূর্ন সভা অনুষ্ঠিত হয়। যারা উপস্হিত ছিলেন

সদস্য:

১। কাজী হারুন অর রশীদ মিরন, GSWA সভাপতি

২। সিদ্দিকুল ইসলাম খান দুলাল, পরিচালক দপ্তর বিভাগ

এবং

৩। সদস্য সচিব আরমান খান জয়

২ ঘন্টা ব্যাপি আলোচনা পর্যালোচনা শেষে যে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হলো তা নিম্নে বর্নিত হলো।

১।  ভেন্যু মধুমতি পার্ক পরিদর্শন ও বুকিং এর জন্য প্রয়োজনীয় কার্যাদি সংগঠনের পক্ষে সম্পন্ন করার দায়িত্ব সদস্য সচিব আরমান খান জয় ও সদস্য সিদ্দিকুল ইসলাম খান আগামী ৩ দিনের মধ্যে পালন করবেন।

২। সাধারণ সভায় প্রথম পর্ব হবে বর্তমান কমিটির কার্যবিবরণী  , হিসেব নিকেষ ও বার্ষিক বাজেট উথ্থাপন ও সাধারণ আলোচনা।

৩। দ্বিতীয় পর্বে থাকবে নূতন কমিটি নির্বাচন বা ঘোষনা ।

৪।ক) কমিটি নির্বাচনের জন্য গঠনতন্ত্র মোতাবেক যারা  কমিটিতে আসবেননা তাদের থেকে ৩ জনের একটি প্যানেল গঠন করা হবে যাদের মধ্যে একজন নির্বাচন কমিশনার।

খ)  নির্বাচন কমিশনানের স্বাক্ষর যুক্ত মনোয়ন ফর্ম সংগঠনের ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে।

গ) ২৩ সদস্য বিশিষ্ট কমিটির সদস্য হতে  আগ্রহীদেরকে ১০০০/- টাকা  সহ মনোনয়ন পত্র দাখিল করতে হবে। এর নিয়ামাবলী নির্বাচন কমিটি প্রকাশ যা সংগঠনের website এ পাওয়া যাবে।

ঘ) কমিটির সকল পর্যায়ের সদস্য হতে ইচ্চুক মনোনয়ন পত্র দাখিল কারীদেরকে কার্যকালীন সময়ের মাসিক চাঁদা পরিশোধ/ ধার্যকৃত অনুদান সংগঠনকে দিতে হবে অন্যথায় মনোনয়পত্র জমা অসম্পূর্ন বলে নির্বাচন কমিশন তা বাতিল করার এখতিয়ার রাখে।

**৩৩ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি ( EC) র ১০ জন কো-অপ্ট সদস্য যার ৫ জন GSWA উপজেলার সভাপতি পদাধিকার বলে অন্তর্ভূক্ত হন।

৫। প্রথম ও দ্বিতীয় পর্বের মাঝে থাকবে মধ্যাহ্নভোজ যাকে বনভোজন ধাঁচে ধরা হবে।

৬। ক)সংগঠনের সকল পর্যায়ের সদস্যদের  AGM -26 অংশগ্রহন করতে রেজিঃষ্ট্রেশন বাধ্যতামূলক। **রেজিষ্ট্রেশনের সর্বশেষ দিন ১০ সেপ্টেম্বর,** ২০২৬

খ) রেজিঃষ্ট্রেশন:  জেলার সকল সদস্যকে সংগঠনের  দপ্তর বিভাগ  ও উপজেলা GSWA কে স্ব-স্ব উপজেলার আহ্বায়ক/সদস্য সচিবের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

৭। **GSWA AGM-26( ১৯ সেপ্টেম্বর, শনিবার - রেজিঃষ্ট্রেশন ফি যা নির্ধারণ করা হলো-**

ক) জেলা কার্যনির্বাহী কমিটি, উপদেষ্টা মন্ডলী, আজীবন সদস্য - ৫০০/-( পাঁচশত) টাকা

খ) উপজলার সকল পর্যায়ের সদস্য - ৩০০/-( তিনশত) টাকা

গ) জেলা, উপজেলার সকল পর্যায়ের সদস্যদের spouse, পুত্র, কন্যা, নাতি, নাতনী - ৩০০/-( তিনশত) টাকা

**বি:দ্র: ৩ ( তিন) বছর বয়সী পর্যন্ত শিশু - ফ্রি( কোনো রেজিঃষ্ট্রেশন ফি দেয়া লাগবেনা)**

৮। AGM-26 সুসম্পন্ন করতে প্রতিদিন বিকেল ৫ -৭ টা সংগঠনের কার্যালয় ( ২১৪ উদয়ন রোড) খোলা থাকবে , এছাড়া কোনো প্রশ্ন থাকলে please visit our website gswa.org.bd/contact পেইজে উল্লেখিত নম্বরে কল / ইমেইল/ whatsApp এ যোগাযোগ করতে পারবেন।

৯। আহ্বায়ক কমিটির পরবর্তী সভায় আরো তথ্য সংযোজন/ আপডেট আসবে।

১০। অন্য কোনো আলোচনার বিষয় না থাকায় আহ্বায়ক সভার সমাপ্তি ঘোষনা করেন সেই সাথে সদস্য সচিব আরমান খান জয়কে আহ্বায়ক কমিটির মুখপাত্র হিসাবে সমস্ত তথ্য এবং সভার রেজুলেশন আপলোড/শেয়ার/ প্রচার/ উথ্থাপনের দায়িত্ব দেন।

ধন্যবাদ-

আরমান খান জয়

সদস্য সচিব, GSWA AGM-26

ও সদস্য সচিব GSWA গোপালগন্জ সদর উপজেলা কমিটি।

তাং- ৯/৮/২৬